

ডিউরাট্যাব

হার্বে নিশাত
ইউনানী ঔষধ

উপাদানঃ ডিউরাট্যাব একটি চমৎকার ন্যাচারাল ফর্মুলা, যাহা পুরুষের দ্রুত বীৰ্যপাত (Pre-mature ejaculation) রোধ করে- যৌনতার সময়কাল বৃদ্ধি করে।

প্রতি ট্যাবলেটে আছেঃ

ক্র. নং.	উপাদানের নাম	পরিমাণ
১.	যত্রিক	৬৬.৬৭ মিগ্রা
২.	রেগমাহী	৬৬.৬৭ মিগ্রা
৩.	সমুন্দর সূর্য	৩৩.৩৩ মিগ্রা
৪.	জায়ফল	৩৩.৩৩ মিগ্রা
৫.	রূপা ভস্ম	১৬.৬৭ মিগ্রা
৬.	জাফরান	১৬.৬৭ মিগ্রা
৭.	যহর মোহরা	৮.৩৩ মিগ্রা
৮.	জুন্দবেদন্তর	৮.৩৩ মিগ্রা
৯.	পান পাতার রস	প্রয়োজন মত

সূত্রঃ হার্বে নিশাত, বা,জা,ই,ফ.।

ডিউরাট্যাব -এ ব্যবহৃত ভেষজ উপাদান সমূহের ঔষধি গুণাগুণঃ

যত্রিক (Fragrans Mace)ঃ কার্যকরী উপাদান ও এসেনসিয়াগ হয়েল, লিনোলেনিক এসিড, ভিটামিন-ই, সেফরল, এলিমিসিন, মাইরিস্টি সিন, মাইরোস্টিক এসিড, অ্যালুমিনিয়াম, ষ্টোলসিয়াম, ক্যালসিয়াম, ম্যাগনেসিয়াম, পটাশিয়াম, সোডিয়াম। **কার্যকারিতাঃ** ইহা সংকোচক, যৌন উদ্দীপক, বায়ুনাশক এবং যৌন শক্তি বৃদ্ধি-কারক।

রেগমাহী (Mabuya corinata)ঃ ইহা স্নায়বিক শক্তি বর্ধক, উদ্দীপক এবং যৌন শক্তি বর্ধক।

সমুন্দর সূর্য (Argyreia Speciosa)ঃ কার্যকরী উপাদানঃ ফ্যাটি অয়েল, ভোলাটাইল অয়েল, চানো ক্লোভিন, আরসিন, আরগেনভিন এবং আইসো আরসিন। **কার্যকারিতাঃ** ইহা পরিবর্তন সাধক, যৌন উদ্দীপক, স্পীতিকারক, পচন রোধক, শক্তি বর্ধক ও বার্বক্য রোধক এর বীজ হতে প্রাপ্ত উদ্বায়ী তৈল স্নায়ুতন্ত্রের শক্তি যোগায়। এটা বার্বক্য প্রতিরোধক উষ্ণিক এবং কামোদ্দীপক। এর বীজ অসময়ে বীৰ্যপাত প্রতিরোধ করে। প্রস্রাবের ড্রাগ রোধ করে, সেমিনাপ ফ্লুইডের ঘনত্ব বাড়ায়। এছাড়া ইহা গনোরিয়া এবং স্ফিলিসেও অত্যন্ত কার্যকরী।

জায়ফল (Myristica Fragrans, Nutmeg) কার্যকরী উপাদানঃ এসেনসিয়াল অয়েল, হাইড্রে কারবোন, ফিনাইলপ্রোপানয়েট, ভোলাটাইল অয়েল, ইউজেনল, মইরিস্টিসিন। **কার্যকারিতাঃ** ইহা সুগন্ধিকারক, সংকোচক (Astringent), উদ্দীপক (Stimulant) যৌনশক্তি বর্ধক (Aphrodisiac)। ইহা স্বাভাবিক সময়ের আগে বীৰ্যপত রোধ করে ও হৃদযন্ত্রের দুর্বলতা দূর করে।

রূপা ভস্ম (Calcined Silver): কার্যকরী উপাদানঃ সিলভার অক্সাইড ও সিলভার। **কার্যকারিতাঃ** কুশতা নুকরা প্রশান্তিকারক। ইহা স্নায়বিক উত্তেজনা হ্রাস করে, *Peripheral nerve* সহ সমগ্র স্নায়ুতন্ত্রের উপর কাজ করে।

জাফরান (Crocus Sativus): কার্যকরী উপাদানঃ এনেসিয়াল অয়েল, ক্রোসিন, পিক্রোসিন, কলসিসিন। **কার্যকারিতাঃ** ইহা সুগন্ধিকারক, সংকোচক ও যৌন উদ্দীপক। ইহা কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রকে উদ্দীপিত করে। ইহা ঔষধের বায়ো-এভেলএ এবিলিটি বৃদ্ধি করে।

যহর মোহরা (Mineral Bezora): কার্যকরী উপাদানঃ ক্যালসিয়াম, পটাশিয়াম, সোডিয়াম। **কার্যকারিতাঃ** এটা স্নায়ু উদ্দীপক, শক্তি বর্ধক ও হৃদযন্ত্রের শক্তি বর্ধক হিসেবেকাজ করে।

জুন্দবেদন্তর (Castorium): কার্যকরী উপাদানঃ কাস্টোরিন, কোলেস্টেরিন, ভোলাটাইল অয়েল। **কার্যকারিতাঃ** ইহা কাম উদ্দীপক, স্নায়ু উদ্দীপক ও পেট ব্যাথায় অত্যন্ত কার্যকর। ইহা সেমিনাল ফ্লুইড বৃদ্ধি করে, স্নায়বিক দুর্বলতা দূর করে, মানসিক শক্তি বৃদ্ধি করে এবং যৌন শক্তি বৃদ্ধি করে।

৯. পান পাতা (Piper Betel): ইহা স্নায়ু উদ্দীপক ও রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করে।

নির্দেশনাঃ যৌন দুর্বলতা, দ্রুত বীৰ্যপাত, অবসাদ।

মাত্রা ও সেবন বিধিঃ ১-২টি করে ট্যাবলেট সকাল ও রাতে পানি বা দুধের সাথে অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য, দ্রুত বীৰ্যপাতের ক্ষেত্রে যৌন মিলনের দুই ঘণ্টা পূর্বে ২টি ট্যাবলেট ২৫০মিলি দুধের সহযোগে সেব্য।

পার্শ্ব প্রতিক্রিয়াঃ ডিউরাট্যাব একটি ইউনানী ঔষধ, এতে কোন পার্শ্ব-প্রতিক্রিয়া এ যাবৎ পরিলক্ষিত হয়নি। কারো কারো ক্ষেত্রে কোষ্টকাঠিন্য ও মাথা বিম্ বিম্ বোধ হতে পারে।

সতর্কতাঃ অপ্রাপ্ত বয়স্কদের উপযোগী নয়। ভরা পেটে কাংখিত ফল লাভে বিঘ্ন ঘটতে পারে।

প্রতি-নির্দেশনাঃ এই ফর্মুলায় ব্যবহৃত যে কোন উপাদানের প্রতি সংবেদী রোগীর ক্ষেত্রে ইহা প্রতি নির্দেশিত। এছাড়া উচ্চ রক্ত চাপের রোগীর সেবন নিষেধ।

পরিবেশনাঃ প্রতি বক্সে ১ X ১০ টি ট্যাবলেট অ্যালু অ্যালু ব্লিস্টারে সরবরাহ করা হয়।



প্রস্তুতকারকঃ

দি ইবনে সিনা ন্যাচারাল মেডিসিন লিঃ

IBN SINA

(ইউনানী বিভাগ) সফিপুর, গাজীপুর, বাংলাদেশ।